

স্মারক নম্বর: ৪১.০১.৮২৭৬.০০০.০৬.০০২.১৯.১০৯

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯

০৮ আগস্ট ২০২২

বিষয়: ২০২২-২৩ অর্থবছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ ও প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৮.২০.৫৮৩ তারিখ: ২৭ জুলাই ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরে বরাদ্দকৃত অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের আওতায় মাসিক ভাতার হার ৭৫০ টাকা থেকে ৮৫০ টাকায় উন্নীত করা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত প্রতিবন্ধী ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিদফতরের web based Management Information System (MIS) এর মাধ্যমে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী ১০ আগস্ট ২০২২ হতে ১০ সেপ্টেম্বর ২০২২ খ্রি. পর্যন্ত অনলাইনে mis.bhata.gov.bd/onlineApplication লিংকে ভাতা আবেদন গ্রহণ করা হবে।

এমতাবস্থায় আপনার ইউনিয়নে ভাতা পাওয়ার উপযুক্ত অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের অনলাইনে ভাতার আবেদনের বিষয়ে প্রয়োজনীয় প্রচার-প্রচারণার (যেমন- মাইকিং) ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, অবশ্যই আবেদনকারীর প্রতিবন্ধী সনাক্তকরণ পরিচয়পত্র থাকতে হবে।

৮-৮-২০২২

মোঃ শাহীনুর রহমান

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০১৭০৮৪১৪৯১৪

ইমেইল:

usso.rajbarisadar@dss.gov.bd

চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

স্মারক নম্বর: ৪১.০১.৮২৭৬.০০০.০৬.০০২.১৯.১০৯/১(৪)

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯

০৮ আগস্ট ২০২২

সদয় জ্ঞাতার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১।
- ২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
- ৩) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

৮-৮-২০২২

মোঃ শাহীনুর রহমান

উপজেলা সমাজসেবা অফিসার